ড়ে

দৈনিক সংবাদ

তারিখ ..22.DEC..1998 ... ...
পৃষ্ঠা 2 কলাম .....

# কম্পিউটার মেলায় ২১ কোটি টাকার ব্যবসা হয়েছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

সদ্যসমাপ্ত সপ্তাহব্যাপী বিসিএস কম্পিউটার মেলায় প্রায় ২১ কোটি টাকার কম্পিউটার পণ্যের ব্যবসা হয়েছে। সফটওয়্যার কোম্পানিগুলো মোট অর্ডার পেয়েছে ১·৫ কোটি টাকার। প্রকাশনা প্রতিষ্ঠানগুলো ব্যবসা করেছে ১০ লাখ টাকার। গতকাল বিসিএস আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ তথ্য জানান মেলা আয়োজক কর্মকর্তারা।

সর্বমোট ১ লাখ ৮৫ হাজার দর্শনার্থী মেলা পরিদর্শন করেন। টিকিট বিক্রি হয়েছে ১ লাখ ৩০ হাজার। ১৫ হাজার টিকিট বিনামূল্যে বিতরণ করা হয়েছে। এবারের মেলায় শিশুদের জন্য বিনাটিকিটে প্রবেশের ব্যবস্থা করেছিলেন আয়োজক কর্তৃপক্ষ।

মেলায় অংশগ্রহণকারী মোট কোম্পানির সংখ্যা ছিল ১৫২। এর মাঝে ৭৬টি কোম্পানি ছিল হার্ডওয়্যার ও সফটওয়্যার কোম্পানি ছিল ৩৭টি। শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত বিষয় নিয়ে মেলায় অংশ নিয়েছিল ১৮টি প্রতিষ্ঠান। এছাড়াও ইন্টারনেটে ৮টি ও প্রকাশনা সংস্থা ছিল ১৩টি।

মেলা উপলক্ষে আয়োজক কমিটি ৯টি কম্পিউটার বিষয়ক সেমিনারের আয়োজন করেন। হরতালের জন্য ৩টি সেমিনার বাতিল করা হয়।

এবারের মেলায় অন্যতম গুরুত্বপূর্ণ সংযোজন ছিল বিসিএস-এর সফটওয়্যার সেলের কার্যক্রম। দেশের সফটওয়্যার শিল্পের বিকাশের জন্য গঠিত বিসিএস সফটওয়্যার সেল সফটওয়্যার প্রফেশনালদের ডাটাবেস তৈরির উদ্যোগ গ্রহণ করে। মোট ৩২ হাজার ৬শ' জন প্রফেশনাল মেলায় প্রাথমিকভাবে রেজিস্ট্রেশন করেন। বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)-এর কার্যালয়ে এই রেজিস্ট্রেশনের কাজ এখনও চলছে। দেশের কম্পিউটার শিল্পের বিকাশের লক্ষ্যে এ শিল্পের কিছু সমস্যা সম্বন্ধে আলোচনা করতে গিয়ে বিসিএস-এর সাধারণ সম্পাদক আহমেদ হাসান বলেন, দেশে এখনও পর্যন্ত কোন সফটওয়্যার ও আইপিআর আইন পাস করা হয়নি। ইন্টারনেটের টপ লেভেল ডোমাইন রেজিস্ট্রেশনের কাজটি শিগগিরই সম্পন্ন করা উচিত। পৃথিবীর সবগুলো উন্নত দেশেই তাদের নামে এই রেজিস্ট্রেশন আছে। কম্পিউটারে বাংলা প্রচলনের জন্য আসকি কোড স্ট্যান্ডার্ড-এর কাজটিও দ্রুত সম্পন্ন করা উচিত।